# নির্বাচন কমিশন বার্তা

www.ecs.gov.bd

১১তম বর্ষ | ৪৫ তম সংখ্যা | জুলাই - সেপ্টেম্বর ২০২১


## প্রথমধাপের ১৬০ ইউনিয়ন পরিষদ এর ভোটগ্রহণ

অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে প্রথমধাপের ১৬০ ইউনিয়ন পরিষদে ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৬০ ইউপির চেয়ারম্যান পদের মধ্যে ১৩১টিতে বিজয়ী হয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থীরা, আর অবশিষ্টরা হলেন স্বতন্ত্র প্রার্থী। এ নির্বাচনে ৪৩টি ইউনিয়নের চেয়ারম্যান পদে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। এ নির্বাচনে ভোট প্রদানের হার ছিল ৬৭.০৬ ভাগ।



*ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোট গ্রহণের চিত্র*

এ নির্বাচনে সকাল ৮টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে একটানা বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ করা হয়। ইউনিয়ন পরিষদের ১৬০ নির্বাচনের মধ্যে ১১টিতে ইভিএম (EVM) এ ভোটগ্রহণ করা হয়। ১৬০ ইউপিতে চেয়ারম্যান পদে মোট প্রার্থী ছিলেন ৫০০ জন। সাধারণ ওয়ার্ডে প্রার্থী ছিলেন ৬,৩৩৩ জন এবং সংরক্ষিত ওয়ার্ডে প্রার্থী ছিলেন ১,৯৬৫ জন। ইউনিয়ন পরিষদের এ নির্বাচনকে নির্বিঘ্ন করতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে ৪ স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। এ নির্বাচনের আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এসব নির্বাচন অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য হবে বলে আশাবাদ ব্যক্ত করেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার। এ সময় তিনি বলেন, তপসিল অনুযায়ী ১৬১ ইউপিতে ভোটগ্রহণের কথা থাকলেও আদালতের আদেশে মোরেলগঞ্জের নিশানবাড়িয়া ইউপি নির্বাচন স্থগিত করা হয়েছে। দেশে প্রথমধাপে ৩৭১ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন হওয়ার কথা ছিল ১১ এপ্রিল ২০২১ তারিখে। কিন্তু করোনা ভা্ইরাসের সংক্রমণ বাড়ায় তা স্থগিত করা হয়। এর মধ্যে ২১ জুন ২০২১ তারিখে প্রথমধাপের ২০৪ টি ইউনিয়নে ভোট গ্রহণ করা হয়। সেসময় ১৬৭টি ইউপির নির্বাচন স্থগিত করা হয়। প্রার্থী মারা যাওয়ার কারণে ৫টিতে, মামলাজনিত কারণে ১টিতে এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে সেন্টমার্টিন ইউনিয়ন পরিষদের ভোটগ্রহণ স্থগিত করা হয়।

## ৯টি পৌরসভার ভোটগ্রহণ

অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে দেশের বিভিন্ন স্থানে ৯টি পৌরসভার ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ৯টি পৌরসভায় মেয়র পদে আওয়ামী লীগ মনোনীত ৩জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। বাকী ৬টি পৌরসভার মধ্যে ৪টিতে আওয়ামী লীগ ও ২টিতে স্বতন্ত্র প্রার্থী বিজয়ী হয়। এছাড়া ৯টি পৌরসভার সবকটিতে ইভিএম (EVM) এ ভোটগ্রহণ করা হয়। ৯টি পৌরসভার মধ্যে ৩টিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এবং অবশিষ্ট পৌরসভায় মোট ২৭জন প্রার্থী মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করেন।

### এ সংখ্যায় যা আছে


- প্রথমধাপের ১৬০ ইউনিয়ন পরিষদ এর ভোটগ্রহণ
- ৯টি পৌরসভার ভোটগ্রহণ
- জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ
- ইসি সচিবের সাথে নির্বাচন বিটের সাংবাদিকদের বৈঠক
- একাদশ জাতীয় সংসদের বিভিন্ন উপনির্বাচন অনুষ্ঠিত
- SCDECS প্রকল্প
- নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত
- মাসিক সমন্বয় সভা
- নিয়োগ, বদলি, পদন্নোতি-অবসর
- শোক সংবাদ


বাংলাদেশ নির্বাচন কমিশন



ইউনিয়ন পরিষদ নির্বাচনসহ স্থানীয় সরকারের বিভিন্ন নির্বাচন নিয়ে সাংবাদিকদের সাথে কথা বলছেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে. এম নূরুল হুদা

## জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করলো বাংলাদেশ নির্বাচন কমিশন। ১৫ আগষ্ট ২০২১ বেলা ১২:০০ টায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব বাঙালি জাতির ইতিহাসে ১৫ আগষ্ট এক কলঙ্কজনক অধ্যায়। ১৯৭৫ সালের এ দিনে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতাবিরোধী ষড়যন্ত্রকারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ মদদে ঘাতকচক্রের হাতে ধানমন্ডির নিজ বাসভবনে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির অবিসংবাদিত নেতা




জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করছেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার

কে এম নুরুল হুদা ধানমন্ডি-৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন। এ সময় নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, অতিরিক্ত সচিব জনাব অশোক কুমার দেবনাথসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরে বাংলাদেশ ইলেশন কমিশন অফির্সাস এসোসিয়েশনের পক্ষ থেকেও জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। শ্রদ্ধা নিবেদন শেষে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নুরুল হুদা ১৯৭৫ সালের ১৫ আগষ্টের সেই ভয়াল দিনের কথা স্মরণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শাহাদাত বরণ করেন। একই সাথে শহীদ হন বঙ্গবন্ধুর সহধর্মিনী শেখ ফজিলাতুন নেছা মুজিব, পুত্র শেখ কামাল, শেখ জামাল, শিশুপুত্র শেখ রাসেলসহ অনেক নিকট আত্মীয়। এমন ঘটনা কেবল দেশের ইতিহাসে নয়, পৃথিবীর ইতিহাসেও বিরল। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার শোকাহতচিত্তে এসব শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং পরম করুণাময় আল্লাহর দরবারে সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন।

## ইসি সচিবের সাথে নির্বাচন বিটের সাংবাদিকদের বৈঠক

নির্বাচন কমিশন সচিবালয়ের সচিবের সঙ্গে নির্বাচন বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন ‘রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি-আরএফইডি’ নেতাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

০১ সেপ্টেম্বর ২০২১ বিকেলে আগারগাওঁ এর নির্বাচন ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আরএফইডির পক্ষ থেকে বেশ কয়েকটি দাবি তুলে ধরা হয়। দাবিগুলোর মধ্যে রয়েছে- পেশাগত কাজে সাংবাদিকদের সহায়তা প্রদান ও তথ্য প্রবাহ নিশ্চিত করা; আরএফইডির যেসব সদস্য এক্সেস কার্ড পাননি, তাদের দ্রুততম সময়ের মধ্যে কার্ড দেওয়ার ব্যবস্থা করা এবং যাদের কার্ডের মেয়াদ শেষ হয়েছে সেগুলোর মেয়াদ বাড়ানোর ব্যবস্থা করা; নির্বাচনের সময় সাংবাদিক কার্ড দেওয়ার ক্ষেত্রে আরএফইডির সদস্যদের জন্য আলাদা ডেস্ক রাখা ইত্যাদি। আরএফইডি নেতাদের দাবির প্রেক্ষিতে আলোচনার ভিত্তিতে বেশকিছু সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্তগুলোর মধ্যে রয়েছে সাংবাদিকদের আইনগত তথ্যপ্রাপ্তির ক্ষেত্রে কোনো বাধার সম্মুখীন হতে হবে না। কমিশনের সিদ্ধান্ত জানাবেন সচিব। সাংবাদিকদের প্রবেশ কার্ড হালনাগাদের বিষয়ে ইতিবাচক পদক্ষেপ নেবে ইসি। নির্বাচনের সময় আরএফইডির সদস্যদের অগ্রাধিকার ভিত্তিতে সাংবাদিক কার্ড প্রদান করা হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মো. হুমায়ুন কবীর খোন্দকারের সভাপতিত্বে সভায় ইসির অতিরিক্ত সচিব জনাব অশোক কুমার দেবনাথ, যুগ্মসচিব ও পরিচালক (জনসংযোগ) জনাব এস এম আসাদুজ্জামান, আরএফইডির সভাপতি জনাব সোমা ইসলাম, সিনিয়র সদস্য জনাব মশিউর রহমান খান, সিনিয়র সহ-সভাপতি গাজী শাহনেওয়াজ, সহ-সভাপতি একরামুল হক সায়েম, সাধারণ সম্পাদক কাজী জেবেল, সাংগঠনিক সম্পাদক মো. হুমায়ুন কবীর, অর্থ সম্পাদক মো. আরিফুল ইসলাম, দপ্তর সম্পাদক সুলতানা জাহান মিতু, গবেষণা ও প্রশিক্ষণ সম্পাদক আসাদুর রহমান, কার্য নির্বাহী কমিটির সদস্য আহমেদ ফয়েজ ও কাউসারা চৌধুরী কুমু উপস্থিত ছিলেন।



# একাদশ জাতীয় সংসদের বিভিন্ন উপনির্বাচন অনুষ্ঠিত

জুলাই- সেপ্টেম্বর ২০২১ সময়ে একাদশ জাতীয় সংসদের মোট ০৪ টি আসনে- ২৩১ সিলেট-৩, ২৫৩ কুমিল্লা-৫, কুমিল্লা-৭ ও ঢাকা-১৪ আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

কুমিল্লা-৭:

কুমিল্লা-৭ (চান্দিনা) সংসদীয় আসনের উপনির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্তকে বেসরকারিভাবে বিজয়ী ঘোষণা করা হয়। ২০ সেপ্টেম্বর ২০২১ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা ও কুমিল্লা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা জনাব মো. দুলাল তালুকদার প্রাণ গোপাল দত্তকে বিজয়ী ঘোষণা করে গণবিজ্ঞপ্তি জারি করেন। রিটার্নিং কর্মকর্তা সাংবাদিকদের বলেন, ১৯ সেপ্টেম্বর ২০২১ ছিল প্রার্থীদের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। এতে প্রতিদ্বন্দ্বী তিন জন প্রার্থীর মধ্যে জাতীয় পার্টির (এরশাদ) লুতফর রেজা খোকন ও ন্যাপের প্রার্থী মনিরুল ইসলাম মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন। ফলে একমাত্র প্রার্থী হিসেবে রয়ে যান আওয়ামী লীগের প্রাণ গোপাল দত্ত। এ অবস্থায়





একক প্রার্থী হিসেবে ডা. প্রাণ গোপাল দত্তকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করা হয়। উল্লেখ্য, গত ৩০ জুলাই চান্দিনা আসন থেকে পাচঁবার নির্বাচিত আওয়ামী লীগ দলীয় এমপি অধ্যাপক মো. আলী আশরাফের মৃত্যুতে আসনটি শূন্য হয়। ৭ অক্টোবর ভোটের দিন ধার্য করে ২ সেপ্টেম্বর নির্বাচনি তপসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।

সিলেট-৩:

অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে একাদশ জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩ আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব হাবিবুর রহমান হাবিব নৌকা প্রতীক নিয়ে বিজয়ী হন। তিনি মোট ৯০ হাজার ৬৪ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির (জাপা) আতিকুর রহমান আতিক পান ২৪ হাজার ৭৫২ ভোট। এ নির্বাচনে ইভিএম পদ্ধতিতে সকাল ৮ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ভোটগ্রহণ করা হয়।

কুমিল্লা-৫:

কুমিল্লা-৫ আসনের উপনির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদ সদস্য নির্বাচিত হন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব মো: আবুল হাসেম খান। ২৪ জুন ২০২১ তারিখে তাকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হয়। এর আগে ২৩ জুন ২০২১ তারিখে জাতীয় পার্টির মো: জসিম উদ্দিন মনোনয়নপত্র প্রত্যাহার করে নেয়ায় তাকে বেসরকারিভাবে নির্বাচিত ঘোষণা করা হয়।

ঢাকা-১৪:

ঢাকা-১৪ আসনের উপনির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছেন ক্ষতাসীন আওয়ামী লীগের প্রার্থী আগা খান মিন্টু। ২৫ জুন ২০২১ তারিখে রিটার্নিং কর্মকর্তা ও ঢাকা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মাহফুজা আক্তার তাকে বিজয়ী ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেন। গত ৪ এপ্রিল ঢাকা-১৪ আসনে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য আসলামুল হকের মৃত্যুতে আসনটি শূন্য হয়। পরে আসনটিতে নির্বাচনের তারিখ ঘোষণা করে তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৮ জুলাই ২০২১ তারিখে এ আসনে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সে অনুযায়ী উপনির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন ছিল ১৫ জুন এবং মনোনয়নপত্র বাছাই হয় ১৭ জুন। আর মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ছিল ২৩ জুন। শেষ দিনে মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন জাতীয় পার্টির মোস্তাকুর রহমান, বিএনএফ এর কেওয়াই এম কামরুল ইসলাম ও জাসদের আবু হানিফ। ফলে একক প্রার্থী হিসেবে কেবল আগা খান বহাল থাকায় তাকে বেসরকারিভাবে বিজয়ী ঘোষণা করা হয়।

# SCDECS প্রকল্প

নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বাস্তবায়নাধীন "নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ক্লাস রুমে ০৫ টি ফ্লাটপ্যানেল প্রদান করা হয়েছে এবং ফ্লাটপ্যানেল পরিচালনার জন্য নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ২৯/০৮/২০২১ এবং ৩১/০৮/২০২১ খ্রি: তারিখে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ০৭/০৯/২০২১ খ্রি: তারিখে ২৫০ জন কর্মকর্তার জন্য আইইএলটিএস/সমমান পরীক্ষা ফি পুনর্ভরণ সংক্রান্ত নীতিমালাটি নির্বাচন কমিশন সচিবালয়ের অনুমোদন ক্রমে জারি করা হয়েছে। এ সুবিধা পেতে কর্মকর্তাকে সরকারি চাকুরিতে স্থায়ী এবং তাঁর চাকুরি সন্তোষজনক হতে হবে, প্রার্থীর নামে বিভাগীয় মামলা থাকলে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে, একজন প্রার্থীর অনুকূলে মাত্র একবার উক্ত পরীক্ষার ফি বহন করা হবে, আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে অবশ্যই পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করতে হবে, পরীক্ষার ফি পুনর্ভরণের আবেদন বিবেচনার জন্য ন্যূনতম IELTS এ '৬.০' স্কোর অর্জন করতে হবে, প্রার্থীকে অবশ্যই ফলাফল প্রকাশের এক মাসের মধ্যে পুনর্ভরণের জন্য আবেদন করতে হবে, আবেদনের সাথে সনদ, প্রদানকৃত ফি জমাদানের মূল রশিদ/ভাউচার, পুনর্ভরণের বিল সংযুক্ত করতে হবে এবং আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৫০ বছর এর মধ্যে সীমিত থাকবে। এছাড়াও পিপিআর, ইংরেজি ভাষা দক্ষতা, কম্পিউটার প্রশিক্ষণ, নির্বাচন ও অফিস ব্যবস্থাপনাতে আইসিটি এবং বৈদেশিক প্রশিক্ষণ প্রক্রিয়াধীন রয়েছে। জিমনেসিয়াম ইকুইপমেন্ট যন্ত্রপাতি ক্রয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে।

SCDECS শীর্ষক প্রকল্পের আওতায় এ পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং মাঠ পর্যায়ের মোট ১২৫ কর্মকর্তাকে "Public Procurement Management" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও বর্ণিত "English Language Proficiency Course" কোর্সে মোট ৬৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অত্র সচিবালয় ও মাঠপর্যায়ের মোট ০৫ জন কর্মকর্তা এই প্রকল্পের আওতায় দুই বছর মেয়াদে অনুষ্ঠেয় "Masters in Procurement and Supply Management (MPSM)" মাস্টার্স কোর্সে অধ্যয়ন সম্পন্ন করছেন।

# নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত

জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১ সময়ে মাননীয় কমিশনের ০২টি সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ, সচিব মহোদয় এবং নির্বাচন কমিশন সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

কমিশন সভা নং-৮৩/২০২০
তারিখ: ১৫/০৭/২০২১

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ:**

- ভুটানে অনুষ্ঠিতব্য ১১তম Forum of the Election Management Bodies of South Asia (FEMBoSA) এর ভার্চুয়াল সভায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব ও অতিরিক্ত সচিব অংশগ্রহণ করবেন। প্রয়োজনে পরবর্তীতে এ সংখ্যা বাড়তে বা কমতে পারে।
- আইসিটি মন্ত্রণালয় হতে সংগৃহীত বাংলাদেশের Visual National Anthem আরো পরিমার্জন করে ভুটানের নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে এবং বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক প্রস্তুতকৃত Power Point Presentation যথাসময়ে আয়োজক সংস্থা ভুটানের নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।
- Concept paper মাননীয় প্রধান নির্বাচন কমিশনার উপস্থাপন করবেন এবং Power Point Presentation মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেঃ জেনাঃ শাহাদাত হোসেন চৌধুরী (অব.) উপস্থাপন করবেন। বিষয়টি আয়োজক সংস্থাকে জানিয়ে দিতে হবে।

কমিশন সভা নং-৮৪/২০২১
তারিখ: ২৩/০৮/২০২১

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ:**

- যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালনপূর্বক নির্বাচনের প্রচার ও অন্যান্য কার্যক্রম গ্রহনের নির্দেশনা জারি; ভোটগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## মাসিক সমন্বয় সভা

০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত মোট ৩টি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং শাখাসমূহের নিষ্পন্ন ও অনিষ্পন্ন কাজের বিবরণ তুলে ধরা হয়। প্রতিটি সভা নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় এবং এতে সভাপতিত্ব করেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার।



**সভার আলোচ্য বিষয়সমূহ:**

জাতীয় পরিচয়পত্র সেবা সহজতর করে আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য ব্যবস্থাগ্রহণ, মৃত ভোটারের Roll Back করার ক্ষেত্রে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের Software এ ঢোকার সুযোগ দেয়ার ব্যবস্থাগ্রহণ, ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম সহজতর করার জন্য মাঠ পর্যায়ের প্রতিটি অফিসে অতিরিক্ত ০১টি Modem সরবরাহের উদ্যোগ গ্রহণ, বাতিলকৃত লেমিনেটেড এনআইডি কার্ড পরিবেশ বান্ধব উপায়ে দ্রুত বিনষ্ট করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় দ্বৈত ভোটার হওয়ার শাস্তির বিষয়টি আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করে স্থানীয় সরকার বিভাগকে পত্রের মাধ্যমে অনুরোধ করা, দ্বৈত ভোটার হওয়া রোধে দ্বিতীয়বার ভোটার হতে আসা এবং বাদ পড়া ভোটারদের যাচাই করার জন্য এবং কোন ডকুমেন্ট না থাকা ভোটারদের শনাক্তকরণের জন্য উপজেলা/থানা, জেলা ও আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে AFIS matching বা বায়োমেট্রিক যাচাই করণের ব্যবস্থা রাখার উদ্যোগ গ্রহণ, প্রচারণার বিষয় জাতীয় এবং স্থানীয় পর্যায়ে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় এবং স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে সারা বছর প্রচারণা কার্যক্রম চালাতে হবে প্রভৃতি।

## নিয়োগ, বদলি, পদন্নোতি-অবসর

জুলাই-সেপ্টেম্বর ২০২১ সময়ে ০৯ জন উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা হয়। এছাড়া, বদলি করা হয় অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ০১ জন, উপসচিব ০১ জন, সিনিয়র সহকারী সচিব ০১ জন। পদায়ন করা হয়, জেলা নির্বাচন কর্মকর্তা ০৬ জন, অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা ০৩ জনকে। এর পাশাপাশি সহকারী সচিব ০১ জনকে বদলি, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা ২২ জনকে বদলি এবং ৩য় শ্রেণি হতে ১ম শ্রেণিতে পদোন্নতিপ্রাপ্ত ২০ জন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে পদায়ন, ০৩ জন নির্বাচন কর্মকর্তাকে বদলি ও ০৭ জন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়।

০২ জনকে যুগ্মসচিব পদে পদোন্নতি প্রদান করা হয়। জনাব মোঃ মুহিবুর রহমান, নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন অফিস, মৌলভীবাজার, জনাব বিজয় চন্দ্র বর্মন, প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, বোদা, পঞ্চগড় ও জনাব মোঃ আজিজার রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা, চিতলমারী, কুড়িগ্রাম-কে অবসর প্রদান করা হয়।

জনাব মোঃ আতাউর রহমান, জেলা নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম এবং জনাব এ বি এম সাইফুজ্জামান, প্রাক্তন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-কে পারিবারিক পেনশন প্রদান করা হয়।

## শোক সংবাদ











জনাব মোহাঃ ইসরাইল হোসেন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট করোনা আক্রান্ত হয়ে ঢাকার একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৫ জুলাই, ২০২১ তারিখে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর। জনাব মোহাঃ ইসরাইল হোসেন এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।

জনাব মোহাঃ ইসরাইল হোসেন ১৯৯৬ সালে সহকারী সচিব হিসেবে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদান করেন। নির্বাচন কমিশন সচিবালয়ের বিভিন্ন শাখা/অধিশাখায় দায়িত্বপালনসহ রংপুর, ময়মনসিংহ ও সিলেটে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৬৬ সালে চাপাইনবাবগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ পুত্র, ১ কন্যা ও অসংখ্য বন্ধু-বান্ধব আত্মীয়-স্বজন রেখে গেছেন।

জনাব এ.বি. এম সাইফুজ্জামান, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, আঞ্চলিক নির্বাচন অফিস, ময়মনসিংহ ৩ আগস্ট ২০২১ তারিখে করোনা আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৫ বছর।

জনাব এ.বি.এম সাইফুজ্জামান এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।

তিনি ০৭-০৯-২০০৫ তারিখে "উপজেলা নির্বাচন কর্মকর্তা" হিসেবে চাকরী জীবন শুরু করেন। সুদীর্ঘ চাকরী জীবনে তিনি বিভিন্ন উপজেলায় উপজেলা নির্বাচন অফিসার, সিলেট এবং ময়মনসিংহ অঞ্চলে অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন বর্মকর্তার মত গুরুত্বপূর্ণ পদে সততা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক কন্যা, এক পুত্র সন্তান এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

বেগম আলিফ লায়লা উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৭ জুলাই ২০২১ রাতে ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৬ বছর।

জনাব আলিফ লায়লা এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।

বেগম আলিফ লায়লা ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাসে চাকুরীতে যোগদান করেন। মৃত্যকালে তিনি স্বামী এক ছেলে এক মেয়েসহ অসংখ্য আত্মীয়- স্বজন ও বন্ধু-বান্ধব রেখে গেছেন।

নীলফামারী জেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে কর্মরত নির্বাচন অফিসার জনাব মোঃ সেকেন্দার আলী ২৮ আগস্ট, ২০২১ তারিখে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তিনি দীর্ঘদিন যাবৎ ক্যান্সার রোগে আক্রান্ত ছিলেন। সর্বশেষ তিনি করোনায়ও আক্রান্ত হয়েছিলেন।

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ঢালী, উপজেলা নির্বাচন অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা গত ২৪-০৯-২০২১ তারিখ শুক্রবার ১২.৩০ মিনিটে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তিনি ১৯৯১ সালে সরকারী চাকুরিতে যোগদান করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই কন্যা, এক পুত্র সন্তান ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ঢালী এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।

জনাব মো: সেকেন্দার আলী এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলে ১ মেয়ে ও অসংখ্য গুণগ্রাহী রেখে যান। তিনি ১৯৯১ সালে সরকারি চাকরিতে যোগদান করেন। তাঁর গ্রামের বাড়ি রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায়।

কুমিল্লা জেলাধীন ব্রাহ্মণপাড়া উপজেলা নির্বাচন অফিসে কর্মরত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোহাম্মদ এনামুল হক ২৫ জুলাই, ২০২১ করোনা আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৪ বছর।

জনাব মোহাম্মদ এনামুল হক এর মৃত্যুতে নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেন এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ পুত্র ও অসংখ্য গুণগ্রাহী রেখে যান।

**প্রকাশনা ও সম্পাদনা :** এস এম আসাদুজ্জামান, পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব (চ.দা); ই-মেইল : asad.bec@gmail.com
**নির্বাচন ভবন :** প্লট ই, ১৪/জেড-এ, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন : ৫৫০০৭৫২০, ফ্যাক্স : ৫৫০০৭৫৬৬, web : www.ecs.gov.bd